

১৫/৫

তারিখ ... ২।।. ২। ৪৫ ...
পৃষ্ঠা... .. কলাম... ২...

৮ জন একুশে পদক পেলেন

বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে ৮জন বিশিষ্ট ব্যক্তি '৮৫ সালের একুশে পদক' পেয়েছেন। পিআইডি'র এক তপা বিনয়ীর উদ্ধৃতি দিয়ে বার্তা সংস্থা বাগস ও এনা এ খবর দিয়েছে।

পদকপ্রাপ্তরা হলেন--আব জাফর ওবায়দুল্লাহ খান (সাহিত্য), গাজী শামসুর রহমান (সাহিত্য), ডঃ গোবিন্দ চন্দ্র দেব (শিক্ষা), মরগোস্তর, ডঃ আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন (শিক্ষা), জনাব আবদুল জব্বার (শিক্ষা), কলীম শরীফী (সঙ্গীত), ওস্তাদ আবেদ খান (সঙ্গীত) এবং সৈয়দ জাহাঙ্গীর (চিত্র শিল্প)।

পদকপ্রাপ্তরা প্রত্যেকে দশ হাজার করে টাকা এবং ৯৮ ক্যারেটের ৩ ভরি ওজনের স্বর্ণপদক পাবেন।

বাংলা একাডেমী পুরস্কার

গতকাল বৃহস্পতি ১৯৮৪ সনের বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করা হয়েছে। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিগণ হচ্ছেন কবিতায় জনাব বেলাল চৌধুরী, উপন্যাসে জনাব রশীদ হায়দার, প্রবন্ধ গবেষণায় জনাব মোহাম্মদ হাবিবুর রহমান ও প্রফেসর রফিকুল ইসলাম। এ বছর ছোট গল্প, নাটক, শিশু সাহিত্য ও অনূবাদের ক্ষেত্রে কোন পুরস্কার দেয়া হয়নি।

অমর একুশে '৮৫ উপলক্ষে বাংলা একাডেমী আয়োজিত শিশু (শেষ পৃ: ৬-এর ক: ৫:)

বাংলা একাডেমী পুরস্কার (১ম পাতার পর)

কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ক, খ ও গ দলে বিভক্ত শিল্পীদের মধ্যে প্রত্যেক দলের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার দেয়া হয়। পুরস্কার বিতরণ করেন শিল্পী কামরুল হাসান। ক দলে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিল্পীরা হচ্ছেন যথাক্রমে নাগিস আরা, পাপিয়া, মুরাইরা আখতার জাহান, মোঃ নাজমুল হক ভূইয়া। খ দলে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেছেন যথাক্রমে শমীক বড়ুয়া, মোঃ রফিকুল ইসলাম ও ইমিতা মায়কা আজাদ। গ দলে বিজয়ীরা হচ্ছেন যথাক্রমে খন্দকার সাহাবুদ্দর রহমান, ফারজানা হক ও মোঃ অনুপম কামাল।